

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বন অধিশাখা-১
প্রজ্ঞাপন

তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিঃ

নং পবম/(বঃশাঃ-১)-২১/২০১২/৫১—যেহেতু র‍্যাভ ফোর্সেস ট্রেনিং স্কুলের স্থায়ী ভবন এবং আবাসন নির্মাণের জন্য সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, গাজীপুর জেলার গাজীপুর সদর উপজেলাধীন বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা এর আওতাধীন ভাওয়াল জাতীয় উদ্যান রেঞ্জের বাউপাড়া বিটের নিম্ন তফসিলভুক্ত বনভূমি যাহা গেজেট নোটিফিকেশন নং-৩১২৫ For তারিখঃ ১৩ এপ্রিল ১৯৫৫ খ্রিঃ ও গেজেট নোটিফিকেশন নং-XII/For-13-19/84/728 তারিখঃ ১৫ নভেম্বর ১৯৮৪ খ্রিঃ মূলে ১৯২৭ সনের বন আইনের ৪(১) (ক) উপধারায় সংরক্ষিত বন হিসাবে ঘোষণা করার নিমিত্তে বিজ্ঞপ্তি জারী করা হইয়াছে এবং তাহা আর সংরক্ষিত বন ঘোষণার প্রয়োজন নাই। সেহেতু উক্ত গেজেট নোটিফিকেশনসমূহের কার্যকারিতা অত্র বিজ্ঞপ্তি জারীর তারিখ হইতে নিম্ন তফসিলভুক্ত বনভূমির জন্য রহিত করা হইল :

ভূমির তফসিল

জেলা	উপজেলা	রেঞ্জ	বিট	জে.এল নং	মৌজা	সি.এস দাগ	আর.এস দাগ	জমির পরিমাণ (একর)
গাজীপুর	গাজীপুর সদর	জাতীয় উদ্যান	বাউপাড়া	১৮	১৮ নং আড়াইশ প্রসাদ	১৫৯৬	৭০৩৩, ৭০৩৪, ৭০৩৫, ৭০৩৬, ৭০৩৭, ৭০৪২, ৭০৪৩।	৫.৮১
						১৬০০	৭০৪৪, ৭০৪৫, ৭০৪৬।	৪.৫৮
						১৬০৬	৭১৩৮, ৭১৩৯, ৭১৪১, ৭১৪২, ৭১৪৩ ও ৭০৫৬।	৯.৫৮
							সর্বমোট	১৯.৯৭

(৯০০৯)

মূল্য : টাকা ৪.০০

চৌহদ্দি

- উত্তরে : ব্যক্তি মালিকানাধীন জ্যোতভূমি (বাইদ ভূমি)।
দক্ষিণে : ১৫ নং উত্তর সালনা মৌজা।
পূর্বে : ব্যক্তি মালিকানাধীন জ্যোতভূমি (বাইদ ভূমি)।
পশ্চিমে : ১৫ নং উত্তর সালনা মৌজা।

এই প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শফিকুর রহমান পাটোয়ারী
সচিব।